দৈনিক সংবাদ

তারিখ ... 28 JUN 1995

পৃষ্ঠা ৬ কলাম ৭

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# বিদ্যালয় ভবন না থাকায় দু'শতাধিক ছাত্র-ছাত্রীর লেখাপড়া বন্ধ

গোপালগঞ্জ, ২৭শে জুন (নিজস্ব সংবাদদাতা)।– বিদ্যালয় ভবন না থাকার কারণে দীর্ঘ এক বছর ধরে কাশিয়ানী থানার ৮৫ নং ফলসি উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দুই শতাধিক ছাত্রছাত্রীর লেখাপড়া বন্ধ রয়েছে।

এক বছর আগে বিগত '৯৪ সালের এক ঝড়ে ফলসি উত্তর পাড়া প্রাথমিক বিদ্যালয়টির ভবন সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়। কিন্তু দীর্ঘ এক বছরেও বিধ্বস্ত বিদ্যালয় ভবনটি পুনর্নির্মাণ করা হয়নি কিংবা পুনর্নির্মাণের কোন উদ্যোগ নেয়া-হয়নি। বিভিন্ন সময়ে স্থানীয় জনগণের পক্ষ থেকে জেলা শিক্ষা বিভাগ ও উর্ধ্বতন মহলকে অবগত করানো সত্ত্বেও বিদ্যালয় ভবন পুনর্নির্মাণের জন্য এ পর্যন্ত কোন আর্থিক মঞ্জুরির ব্যবস্থা করা হয়নি। ফলে বিদ্যালয় ভবনটি বিধ্বস্ত অবস্থায়ই দীর্ঘ এক বছর ধরে পড়ে আছে। বিদ্যালয় এলাকায় এমন কোন গাছগাছালিও নেই যে তার ছায়ার নিচে বসে ছাত্রছাত্রীদের লেখাপড়ার ব্যবস্থা করা যায়। ফলে দুই শতাধিক ছাত্রছাত্রী তারা স্কুলে আসছে না এবং তাদের পড়াশুনার কোন ব্যবস্থাও করা সম্ভব হচ্ছে না। যেখানে বর্তমানে প্রাথমিক শিক্ষার উপর বিশেষভাবে জোর দেয়া হচ্ছে সেখানে একটি এলাকার একটি প্রাথমিক বিদ্যালয়ে ভবন না থাকার কারণে দুই শতাধিক ছাত্রছাত্রীর এক বছর ধরে লেখাপড়া বন্ধ থাকার বিষয়টি সংশ্লিষ্ট বিভাগ কেন গুরুত্ব দিচ্ছে না– এলাকার জনমনে তা প্রশ্ন হয়ে দেখা দিয়েছে।

অনতিবিলম্বে ঐ বিদ্যালয়টির ভবন নির্মাণ করে ছাত্রছাত্রীদের লেখাপড়ার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগ উদ্যোগ গ্রহণ করবেন–এলাকাবাসী ও ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা তাই আশা করছে।

## সড়ক দুর্ঘটনায় ১ জন নিহত

গত ১৭ই জুন রাতে মুকসুদপুর থানার বড়ইতলা বাসস্ট্যান্ডের নিকট একটি যাত্রবাহী নৈশ কোচের চাপায় পড়ে অজ্ঞাতপরিচয় এক বৃদ্ধ মারা গেছে।

একটি বরিশালগামী যাত্রীবাহী নৈশ কোচ ঢাকা থেকে আসার পথে ঢাকা–বরিশাল সড়কের বড়ইতলা বাসস্ট্যান্ডের নিকট রাস্তা পার হওয়ার সময় এক বৃদ্ধকে চাপা দিলে সে ঘটনাস্থলেই মারা যায়। তার পরিচয় জানা যায়নি। বাসটি পালিয়ে যেতে সক্ষম হয়।